মাত্র ১০ টাকায় বিজ্ঞাপন
দিন আর পৌঁছে যান
লক্ষাধিক মানুষের কাছে।
মোঃ ৮৭৬৮০০৯৪৫৫

বহুল প্রচারিত বাংলা দৈনিক পত্রিকা

# বিশ্ব সমাচার

BISWA SAMACHAR

আমরাই একা ১ টাকা

সংবাদ বিভাগ ঃ ৯৭৩৪৬৩০৮০২
সার্কুলেশান বিভাগ ঃ ৯৮৩২১৮৪৭৩২

Follow Us on: twitter Google Play

বিজ্ঞাপন বিভাগ ঃ ৮৭৬৮০০৯৪৫৫

মাত্র ১০ টাকায় বিজ্ঞাপন
দিন আর পৌঁছে যান
লক্ষাধিক মানুষের কাছে।
মোঃ ৮৭৬৮০০৯৪৫৫

১৮তম বর্ষ ☐ ২৫৯ সংখ্যা ☐ শুক্রবার ☐ ২৬ ভাদ্র ১৪৩২ ☐ ১২ সেপ্টেম্বর, ২০২৫ ☐ R.N.I. No.- WBBEN/2007/24730 ☐ **E-mail :** news@biswasamachar.com ☐ ফোন ঃ- ৯৭৩৪৬৩০৮০২

## জামিনের আবেদন খারিজ, ফের নিজেকে নির্দোষ বলে দাবি পার্থর

**বিশ্ব সমাচারের প্রতিবেদন**

এসএসসি দুর্নীতি মামলায় পার্থ-সহ এক প্রাক্তন মন্ত্রী পরেশচন্দ্র অধিকারী এবং তাঁর কন্যা অঙ্কিতা অধিকারী-সহ মোট ২১ জনের বিরুদ্ধে চার্জ গঠন হল আলিপুর আদালতে। তার আগে অভিযুক্তদের বিরুদ্ধে দুর্নীতি, দুর্নীতি দমন, ঘুষ নেওয়া, ষড়যন্ত্র-সহ যে অভিযোগগুলো রয়েছে, সেগুলো নিজেই জানান বিচারক। এরপরই আদালতে ফের নিজেকে নির্দোষ বলে দাবি করেন পার্থ চট্টোপাধ্যায়। তিনি বলেন, "স্যর, আমি



শিক্ষামন্ত্রী ছিলাম। অভিযুক্তরা আমার বিভিন্ন শাসিত ডিপার্টমেন্টের দায়িত্বে ছিল। আমি সম্পূর্ণ নির্দোষ।" এরপরই বিচারক বলেন, "অশোক সাহাকে চেয়ারম্যান করেছিলেন। নিয়ম ভেঙে আরও একাধিক পদে নিয়োগ করেছিলেন। ভুয়ো নথিকে আসল হিসেবে দেখানো হয়েছে।" বৃহস্পতিবারের শুনানিতে মামলা থেকে অব্যাহতি চেয়ে আবেদন করেছিলেন পার্থ। তাঁর আইনজীবী বিপ্লব গোস্বামী আদালতে সওয়াল করে বলেন, 'সিবিআইয়ের চার্জশিট এবং এফআইআর-এ প্রথমে আমার মক্কেলের নাম ছিল না।" সিবিআইয়ের দাবিও ভিত্তিহীন বলে খারিজ করে দেন তিনি। শারীরিক অসুস্থতার কারণে গত পাঁচ মাস ধরেই হাসপাতালে ভর্তি পার্থ। বৃহস্পতিবারের শুনানিতে হাসপাতালের শয্যায় বসেই সওয়াল করেছেন তিনি। নিজেকে নির্দোষ বলেই দাবি করেছেন। পার্থ বলেছেন, 'আমায় মুক্তি দিন। সমাজের সামনে দাঁড়াতে দিন। জেলের অন্ধকারে রেখে আমায় সুযোগ দেওয়া হয়নি।' আদালত অবশ্য এই আবেদন খারিজ করে দিয়েছে। পার্থ চট্টোপাধ্যায় বলেন, "আমার সামাজিক সম্মান আছে। ২৫ বছর ধরে একটা অঞ্চল থেকে ৫ বার জিতেছি। এসএসসি নিজেই কাজ করেছে। আমাকে মুক্তি দিন, আমাকে সমাজের সামনে দাঁড়াতে দিন। জেলের অন্ধকারে রেখে সুযোগ দেওয়া হয়নি।" তিনি আরও বলেন, "আমি যাদের নিয়োগ করেছি বলা হচ্ছে, এসপি সিনহার নিয়োগ কর্তা আমি ছিলাম না। এসএসসি নিয়োগ করেছে। অশোক সাহা আগে থেকেই কাজ করতেন। সুবীরেশ মন্ত্রী হওয়ার আগে থেকেই ওখানে চেয়ারম্যান ছিলেন। কল্যাণময় আমি আসার আগেই ওখানে ছিলেন। যারা অন্যায় করছে তাঁদের কিছু হচ্ছে না। আমার দোষটা কোথায়?" সবমিলিয়ে পার্থ চট্টোপাধ্যায়ের দাবি, তিনি নির্দোষ।

## নিয়োগ দুর্নীতি মামলা থেকে মুক্তির আর্জি পরেশ-অঙ্কিতার



**বিশ্ব সমাচারের প্রতিবেদন**

এসএসসির একাদশ এবং দ্বাদশ শ্রেণির নিয়োগ দুর্নীতি মামলায় নাম জড়িয়েছিল পরেশ অধিকারী ও তাঁর মেয়ে অঙ্কিতার। অভিযোগ ওঠে, রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষিকা পদে প্রাক্তন মন্ত্রীর মেয়ের নিয়োগ বেআইনি। এমনকী প্রভাব খাটিয়ে প্রাক্তন মন্ত্রী তাঁর মেয়েকে চাকরি পাইয়ে দিয়েছিলেন বলেও অভিযোগ সামনে আসে। নিয়োগ দুর্নীতিতে একাধিকবার সিবিআইয়ের মুখোমুখি হয়েছেন পরেশ এবং তাঁর মেয়ে। হাই কোর্টের নির্দেশে চাকরি যায় অঙ্কিতার। ফেরাতে হয়েছিল বেতনের টাকা। সম্প্রতি এসএসসির নবম-দশম, একাদশ-দ্বাদশের মামলায় চূড়ান্ত চার্জশিট জমা দিয়েছে সিবিআই। গত শুক্রবার গ্রুপ সি মামলাতেও আলিপুর আদালতে শেষ চার্জশিট জমা পড়েছে। এর আগে ওই মামলায় আরও দুটি চার্জশিট দিয়েছিল সিবিআই। সব মিলিয়ে চারটি চার্জশিট জমা পড়েছে। সব মামলা মিলিয়ে মোট ৭৫ জনকে আদালতে ডেকে পাঠানো হয়েছিল। তার পরেই আদালতে আত্মসমর্পণ করেছিলেন পরেশ-অঙ্কিতারা। বৃহস্পতিবার পিতা-কন্যা আদালতে দাবি করেন, তাঁরা নির্দোষ। অঙ্কিতা নিজের যোগ্যতাতেই চাকরি পেয়েছিলেন।

পরেশ-অঙ্কিতার আইনজীবী সওয়াল করেন, অঙ্কিতা যখন চাকরি পেয়েছিলেন, তখন পরেশ কোনও পদে ছিলেন না। তাই কাউকে প্রভাবিত করার প্রশ্নই ওঠে না।

## এবার বিচারকের প্রশ্নের মুখে মুখ্যসচিব

**বিশ্ব সমাচারের প্রতিবেদন**

এবার ফের একের পর এক প্রশ্নের মুখে পড়তে হল রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে। বিল্ডিং নির্মাণ থেকে শুরু করে হেল' সেন্টার, আদালতের একগুচ্ছ কাজের জন্য কোনও টাকাই নেই! ১৭ কোটি টাকার প্রয়োজন থাকলেও, সেই টাকা এখনও দেওয়া হয়নি আদালতকে। বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টে বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি সব্বর রশিদির ডিভিশন বেঞ্চে একাধিক প্রশ্নের মুখে পড়তে হল রাজ্যের মুখ্যসচিবকে। এদিন আদালতে ভার্চুয়ালি হাজিরা দেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ। অভিযোগ ছিল, অর্থ বরাদ্দ না হওয়ায় আটকে রয়েছে হাইকোর্ট সহ নিম্ন আদালতের একাধিক কাজ। কতদিনে কাজ শুরু হবে, কবে অর্থ বরাদ্দ হবে? সেই বিষয়ে জানাতে হবে মুখ্যসচিবকে। এদিন বিচারপতি জানতে চান সিসিটিভি বসানো এবং ফুটেজ সংরক্ষণ নিয়ে একটা কাজ ২০২৪ থেকে আটকে আছে, সেটা কতদিনে শেষ হবে? মুখ্যসচিবকে বিচারপতি প্রশ্ন করেন, "আপনি কবে শেষ প্রধান বিচারপতি এবং প্রশাসনের সঙ্গে কথা বলেছেন?" এই কাজগুলি করার ক্ষেত্রে এক বছর কেটে যাচ্ছে বলে উল্লেখ করেন বিচারপতি। বিচার বিভাগের যে সব কাজ বাকি, সেটা কেন আটকে সেটা আগামিকাল অর্থাৎ শুক্রবারের মধ্যে বলতে হবে বলেও জানিয়েছেন বিচারপতি। মুখ্যসচিবের উদ্দেশে বিচারপতি বলেন, "নিম্ন আদালতের দিকে দেখুন। সেখানে প্রশাসনের কাজ কীভাবে হচ্ছে।" উত্তরে মুখ্যসচিব বলেন, জুডিশিয়াল বিভাগের জন্য কিছু টাকা আজ দেওয়া হয়েছে। ধাপে ধাপে টাকা নেওয়া হচ্ছে। ডিভিশন বেঞ্চ উলে-খ করেছে, ৫৫টি কাজ বাকি হাইকোর্টের। অন্য দিকে, কলকাতা হাই কোর্টকে মনোজ জানিয়েছেন, দ্রুত পুরো বিষয়টি খোঁজখবর করে তিনি আদালতকে সেই তথ্য জানাবেন। তাঁর উদ্দেশে বিচারপতি বসাকের মন্তব্য,'সংবিধানের ২২৯ অনুচ্ছেদ অনুযায়ী হাই কোর্ট এবং রাজ্যের বিচারবিভাগীয় কাজের যাবতীয় খরচ দেবে রাজ্য? সংবিধানের এই অংশটা দেখুন।' মুখ্যসচিব



জানান, অর্থ কোনও সমস্যাই নয়। সব দেখে সাত দিনের মধ্যে রিপোর্ট দিয়ে জানানো হবে বলে জানিয়েছেন বিচারপতি। আগামী ১৭ সেপ্টেম্বর মুখ্যসচিবকে তার কারণ জানাতে হবে।

## এসআইআরের নথি হিসাবে গণ্য হবে না স্বাস্থ্যসাথী কার্ড! জানাল কমিশন

**বিশ্ব সমাচারের প্রতিবেদন**

বুধবার সব রাজ্যের সিইওদের সঙ্গে বৈঠকে বসে নির্বাচন কমিশন। সূত্রের খবর, সেই বৈঠকে কমিশন সিইওদের জানিয়েছিল, এসআইআরের জন্য নির্ধারিত ১১টি (সুপ্রিম কোর্টের নির্দেশে দ্বাদশ নথি আধার আপাতত শুধু বিহারের জন্য) নথির বাইরে কোনও কিছু যদি নাগরিকত্বের প্রমাণ হয়, তা হলে তা কমিশনকে জানাতে পারেন তাঁরা। সব রাজ্যের সিইওকেই সেই কথা বলা হয়েছিল বলে কমিশন সূত্রে খবর। সূত্রের দাবি, পশ্চিমবঙ্গের সিইও-কে রাজ্য সরকার প্রস্তাব দিয়েছিল, যে স্বাস্থ্যসাথীকেও এসআইআরের নথি হিসাবে ব্যবহার করা যায় কি না, তা দেখতে। সূত্রের খবর, বৈঠকে রাজ্যের তরফে দেওয়া সেই প্রস্তাব তুলে ধরেন সিইও। কমিশন সিইওর কাছে জানতে চায়, এই স্বাস্থ্যসাথী কি নাগরিকত্বের প্রমাণ। সিইও জানান, স্বাস্থ্যসাথী নাগরিকত্বের প্রমাণ নয়, তবে তা রাজ্যবাসীকে দেওয়া হয়। কমিশন তখন জানিয়ে দেয়, নাগরিকত্বের প্রমাণ হবে এমন নথিই শুধু এসআইআরের নথি হিসাবে গণ্য করা হবে। যাবতীয় এই আর্জি আপাতত CEO দফতরের পক্ষ থেকে জাতীয় নির্বাচন কমিশনে জানিয়ে দেওয়া হয়েছে। সেখান থেকে যখন সিদ্ধান্ত জানানো হবে, তখনই স্পষ্ট হবে, রাজ্যের এই আর্জি কতখানি মানা হচ্ছে। বিহারে SIR এ ৬৫ লক্ষ নাম বাদ যায়। একাধিক মামলাও হয় নিম্ন ও শীর্ষ আদালতে। এই আগে বিহারের SIR-এর ক্ষেত্রে সুপ্রিম কোর্টে একটি মামলার দীর্ঘ শুনাতি চলে। তাতে দেখা গিয়েছে, কমিশনের আইনজীবী জোর সওয়াল করেছিলেন,

**(এরপর ৩য় পাতায়)**

মো ঃ- ৯৭৩২৭৮৬৪৭৬ * ফোন ঃ- ০৩২১০ (২৬৭-৪০৬)
বাবু জুয়েলার্স
প্রো ঃ- শ্রী দীপক কুমার কাম্মিলা (বাবু)
পাথর প্রতিমা (মধ্যম বাজার)
হলমার্ক ও K.D.M. সোনার গহনার বিশ্বস্ত প্রতিষ্ঠান
দক্ষিণ ২৪ পরগণা




## তমন্না হত্যা মামলায় ৮২ দিন পরেও জমা পড়ল না চার্জশিট! ধর্ণায় বাবা-মা



**বিশ্ব সমাচারের প্রতিবেদন**

নদিয়ার তমন্না খাতুন খুনের মামলায় এখনও চার্জশিট জমা জমা পড়েনি আদালতে। পুলিশ কবে চ?র্জশিট জমা দেবে, সে ব্যাপারে পুলিশ সুপারের সঙ্গে দেখা করতে গিয়ে তাঁর দফতরের সামনে ধর্নায় বসলেন নিহত ন'বছরের বালিকার মা-বাবা। ঘটনার পর পরিবারের তরফে ২৪ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। তবে এখনও পর্যন্ত গ্রেফতার হয়েছেন ১০ জন। বাকিদের দ্রুত গ্রেফতার এবং তদন্ত শেষ করে যাতে দ্রুত আদালতে চার্জশিট জমা দেওয়া হয়, সেই দাবি জানাতেই বৃহস্পতিবার দুপুর ১টা নাগাদ কৃষ্ণনগর পুলিশ জেলার সুপারের দফতরে যান তমন্নার মা-বাবা। সঙ্গে ছিলেন স্থানীয় সিপিএম নেতৃত্বও। তাঁদের দেখে নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশকর্মীরা এসপির দফতরের মূল ফটক বন্ধ করে দেন। পরে পুলিশ জানায়, এসপি এখন দফতরে নেই। অন্য পুলিশকর্তারা শুধু তমন্নার মা-বাবার সঙ্গেই দেখা করবেন। বাকিদের সঙ্গে নয়। প্রায় ৪৫ মিনিট ধরে অবস্থান বিক্ষোভ চলে। এর পরেই তমন্নার মায়ের সঙ্গে কথা বলেন কৃষ্ণনগর পুলিশ জেলার ডিএসপি শিল্পী পাল। পুলিশকর্তার সঙ্গে সাক্ষাতের পর তমন্নার মা বলেন, 'পুলিশ প্রথমে বলেছিল, ৪০ দিনে চার্জশিট দেবে। তা পিছোতে পিছোতে ৮২ দিন হয়ে গেল। পুলিশেরই প্রতিশ্রুতি অনুযায়ী বুধবার চার্জশিট দেওয়ার কথা ছিল। তা হয়নি বলেই কথা বলতে এসেছিলাম। পুলিশ আমাদের মুখের উপর দরজা বন্ধ করে দিয়েছে!' পুলিশ সুপারের দফতরে ঢুকতে বাধা দেওয়ার অভিযোগ প্রসঙ্গে ডিএসপি বলেন, 'ওটা সম্পূর্ণ ভুল বোঝাবুঝি। নিরাপত্তার দায়িত্বে থাকা কর্মীরা ভেবেছিলেন কোনও রাজনৈতিক কর্মসূচি। সে জন্য প্রোটোকল অনুযায়ী গেট বন্ধ করা হয়েছে। পরে যখন তমন্নার মা-বাবার বিষয়টি জানতে পারি, আমরা দ্রুত গিয়ে তাঁদের সঙ্গে কথা বলি। আমরা দীর্ঘক্ষণ কথা বলেছি। ওঁদের প্রতি পুলিশের যথেষ্ট সহমর্মিতা রয়েছে। তবে গোটা ঘটনাটা অনভিপ্রেত, অনাকাঙ্ক্ষিত। ইচ্ছাকৃত ভাবে কেউ ওঁদের বাধা দেননি।' তমন্নার মা জানান, পুলিশ তাঁদের আগামী শনিবারের মধ্যে চার্জশিট জমা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। তিনি বলেন, 'উনি আমাকে হাজার আইন-কানুন বোঝানোর চেষ্টা করলেন। আমার তো এত কিছু জানার প্রয়োজন নেই। আমি আমার মেয়ের বিচার চাই। পুলিশ এত দিন কি ঘুমোচ্ছিল?'

## স্পিকারের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা দায়ের শুভেন্দুর

**বিশ্ব সমাচারের প্রতিবেদন**

বিধানসভায় ব্যক্তিগত নিরাপত্তারক্ষী নিয়ে প্রবেশ করা যায় না। এই নোটিস দেওয়ার পর বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সঙ্গে বিধানসভার সিসিটিভি ফুটেজ সংরক্ষণের দাবি তুলেছেন তিনি। আগামী সপ্তাহে শুনানির সম্ভাবনা রয়েছে। বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিরাপত্তারক্ষী নিয়ে কেন প্রবেশ করেছেন, এই প্রশ্ন তুলে বন্দ্যোপাধ্যায় নিরাপত্তারক্ষী নিয়ে প্রবেশ করেছেন, যা আদালত অবমাননার সমান।' বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ব্যক্তিগত নিরাপত্তারক্ষী নিয়ে বিধানসভায় প্রবেশের আবেদন জানিয়ে মামলা করেছিলেন। তাঁর অভিযোগ ছিল, তৃণমূল বিধায়কদের ব্যক্তিগত নিরাপত্তারক্ষী নিয়ে বিধানসভা এলাকার মধ্যে প্রবেশ করার অনুমতি রয়েছে। অথচ বিজেপি বিধায়কদের কেন্দ্রীয় নিরাপত্তারক্ষীদের ভিতরে ঢোকার অনুমতি নেই। তাঁদের বিধানসভার বাইরের রাস্তায়



আদালতের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলনেতা। এ ক্ষেত্রে স্পিকার আদালত অবমাননা করেছেন বলে অভিযোগ শুভেন্দুর। মামলাকারীর আইনজীবীর বক্তব্য, 'স্পিকার জানিয়েছিলেন বিধানসভায় কোনও বিধায়কের নিরাপত্তারক্ষীর প্রবেশের অধিকার নেই। তারপরেও বিধানসভায় মমতা দাঁড়িয়ে থাকতে হয়। তবে, বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দেন, বিধানসভার আইন অনুযায়ী এই নোটিস বলবৎ থাকবে। তবে বিচারপতির পর্যবেক্ষণ, সকল রাজনৈতিক দলের সদস্যদের জন্যই যাতে এই একই নিয়ম প্রযোজ্য হয় সমান ভাবে, তা বিধানসভার সচিবকে নিশ্চিত করতে হবে।

দৈনিক পত্রিকা

# বিশ্ব সমাচার

BISWA SAMACHAR

২ টাকা

সংবাদ বিভাগঃ ৯৭৩৪৬৩০৮০২
সার্কুলেশান বিভাগঃ ৮১৫৮৯৯৪৮৭৮
বিজ্ঞাপন বিভাগঃ ৮৭৬৮০০৯৪৫৫ Follow Us on:

১৭তম বর্ষ | R.N.I. No. - WBBEN/2007/24730 | https://www.biswasamachar.com | E-mail : news@biswasamachar.com

অনুর্গ
অ্যাডভার্টাইজিং এজেন্সি
যেকোনো বিজ্ঞাপন
বাংলা, হিন্দি ও ইংরেজি পেপারে
ছাপানোর জন্য যোগাযোগ করুন।
9734630802

খুব কম খরচে
বিজ্ঞাপন দিয়ে
পৌঁছে যান লক্ষ লক্ষ মানুষের কাছে...
বিশ্ব সমাচার
যোগাযোগ করুন :
8768009455



follow us facebook.com/lbj1950
l.bjewellers
lbj
ESTD. 1950
আপনার রাজকন্যার মালাবদল হোক বা আপনার সহধর্মিনীর স্বপ্নপূরণ
শুভ সময়ে আপনার ছায়াসঙ্গী
এল বি জুয়েলার্স
শুভ সময়, সব সময়
হলমার্কযুক্ত গহনা ॥ হীরের গহনা ॥ গ্রহরত্ন
প্ল্যাটিনাম ॥ জ্যোতিষ বিভাগ
কাকদ্বীপ পূর্ব বাজার (পোস্ট অফিসের সামনে)
03210 255046 | 9547867687 | 7319077222

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে
B.SC. & G.N.M. NURSING COURSES
Admission Open for 2023-24 Session
ONLY FEMALE
FALTA J.I.S. NURSING INSTITUTE
SAHARARHAT, P.S.- FALTA, DIST- SOUTH 24 PGS.
Founder - Mr. Jahir Islam
Ph. : 9434 037 116
8514 930 661
9836 595 819
Email : jisnursinginstitute@gmail.com
Website : www.faltajisnursinginstitute.org
ভিন রাজ্যে নয় এই রাজ্যে নার্সিং পড়ুন।
আর ভবিষ্যতে সরকারী চাকরী পাকা করুন।
WBNC & INC স্বীকৃত নার্সিং ট্রেনিং স্কুল
আর কোলকাতায় নয় এখন সহরারহাটে জাহির দা'র নার্সিং হোমে
২০০ শয্যাবিশিষ্ট AC কেবিন লিফট সহ
স্বাস্থ্যসাথী 'A' গ্রেড মান্যতাপ্রাপ্ত নার্সিং হোম
দি সহরারহাট নার্সিং হোম
28 Year
Dr. Sagar Mukherjee
Gold Medalist
এখানে স্বাস্থ্য সাথী কার্ডের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে
স্পাইন সার্জারি, হাঁটুর প্রতিস্থাপন, কিডনি, আর্থোস্কোপি, ট্রমা সেন্টার, বার্ণ ওয়ার্ড, মহিলাদের সমস্ত জরায়ুর অপারেশন, ব্রেন সার্জারি, ভেন্টিলেশন, ডায়েট ক্লিনিক, ক্যানসার সার্জারী, হিপ জয়েন্ট, কি-হোল ল্যাপারোস্কোপিক সার্জারী, প্লাস্টিক সার্জারী ও হাড়ের সমস্তরকম মাইক্রোসার্জারী করা হয়। সমস্ত রকমের চিকিৎসা করা হয়।
সিটি স্ক্যান | I.C.C.U. | ডায়ালিসিস | এন্ডোস্কোপি | কোলোনোস্কোপি
প্রোঃ- জাহির ইসলাম সেখ
সহরারহাট (বেনেপাড়া), ফলতা রোড Ph : 9434037116 / 8317804375 / 8167021387

সুন্দরবন মার্বেল
এখানে উৎকৃষ্ট গুনমানের
মার্বেল ও টাইল্স
পাওয়া যায়।
Roca | JOHNSON | LOVE | CERA | Artosia
সুন্দরবন স্যানিটারি ও প্লাম্বিং
এখানে
স্যানিটারি
ও বাথ ফিটিংস-এর
সমস্ত জিনিস পাওয়া যায়।।
CERA | Kerovit | Parryware | Glocera
কাকদ্বীপ ইয়ং স্টাফ রোড
8768387935 / 8670218171

সঠিক দামে কেনা কাটার বিশ্বস্থ প্রতিষ্ঠান
মোবাইল ওয়ার্ল্ড
INVERTER, FILTER, MICRO-OVEN
MIXER, WASHING MACHINE
মোবাইল ও ফ্রিজ
Exchange-এর সুবিধা।
MOBILE
AC
FREEZ
TV
LAPTOP
CHIMNI
FINANCE-এ কেনার সুবিধা
প্রোঃ স্বপন জানা
9933008003, 9733331020
কাকদ্বীপ শ্মশান কালী মন্দিরের পূর্ব পাশে
পাথর প্রতিমা ব্যাস স্ট্যান্ড



সুবোধ সাঁত্রা
গোল্ড
ভালোবাসা ও বিশ্বাসে
সুবোধ সাঁত্রা
জুয়েলার্স
প্রতি মুহূর্তে তোমার সাথে
HUID হলমার্ক গোল্ড
ডায়মন্ড জুয়েলারী
সার্টিফায়েড গ্রহরত্ন
83918 85557
কাকদ্বীপ (নয়া পাড়া ও চৌরাস্তার মোড়)
দঃ ২৪ পরগণা, পিন-৭৪৩ ৩৪৭

নিঃসন্তান দম্পতিদের জন্য সুখবর
কলকাতার বিশিষ্ট বন্ধ্যাত্ব বিশেষজ্ঞঃ-
(INFERTILTY SPECIALIST)
ডাঃ মনিকা কুমারী
MBBS, MS (OBGY-KEM, Mumbai), DNB, MRCOG-I (UK)
PG Diploma in Gynae Laparoscopy (Germany)
Consultant Gynaecologist & IVF Specialist
এখন আপনার শহর
কাকদ্বীপ-এ
যে সকল বিষয়ে পরামর্শ নিতে পারেন
IVF | IUI | ICSI
Laparoscopic Surgery
Recurring Pregnancy Loss
Hysteroscopic Surgery
Call Now : +91 7063495723
To book appointment

কিরণময়ী স্টীল ফার্নিচার
এন্ড বেডিং স্টোর্স
আমাদের শোরুমে অত্যাধুনিক ডিজাইনের বিভিন্ন মডেলের বিভিন্ন কোম্পানির স্টীল আলমারি, সোফা, চেয়ার, টেবিল ও বিভিন্ন আসবাবপত্র এবং বেডিং-এর সমস্ত দ্রব্য পাওয়া যায়।
863-756-5633
Godrej | Bombay Dyeing | Supreme Furniture | Raymond | Kurl-on | ekome Furniture | zorin | Sleepwell | Decor
কাকদ্বীপ, রথতলা, দঃ ২৪ পরগণা

বিশ্ব সমাচার

সম্পাদকীয়

বন্দেমাতরম্


# ভারতবর্ষ মানবতার দেশ,সন্ত্রাসবাদের বিরুদ্ধে

কাশ্মীরের পেহেলগাঁওতে জঙ্গি হানার বদলা নিল ভারত। অপারেশনের নাম দেওয়া হল সিঁদুর। হিন্দু মহিলাদের কেড়ে নেওয়া সিঁদুরের বদলা নিল সেনাবাহিনী। তবে এই অপারেশনে কোনও নিরীহ সাধারণ মানুষের জীবনহানি হয়নি। ভারত এই অপারেশনের মাধ্যমে পাকিস্তানকে বুঝিয়ে দিল সন্ত্রাসবাদের বিরুদ্ধে এই দেশ। কোনও নিরীহ ও সাধারণ মানুষের জীবন কেড়ে নেওয়া তাঁদের লক্ষ্য নয়। সন্ত্রাসবাদ মুক্ত একটি সুন্দর পৃথিবী গড়ে তোলাই ভারতবাসীর লক্ষ্য। কিন্তু দেখা গিয়েছে পাকিস্তান এই সন্ত্রাসবাদকেই আঁকড়ে ধরে এগোতে চাইছে। মৃত সন্ত্রাসবাদীদের সম্মান জ্ঞাপন করছে।

এই ছবি দেখার পর সারা বিশ্ববাসী এখন ক্ষোভে ফুঁসছে। পাকিস্তানকে বোঝা উচিত সন্ত্রাস করে কোনও দেশ উন্নয়নের শিকড়ে পৌঁছতে পারে না। এই সন্ত্রাসবাদকে তারা দমন না করলে আগামী দিনে তাদের আরও ভয়ানক পরিস্থিতি হওয়ার সম্ভাবনা রয়েছে। এখনই পাকিস্তানকে শুধরে যাওয়া উচিত। ভারতবর্ষ সবসময় মানবতার পক্ষে ছিল। আজও রয়েছে। আগামীতেও থাকবে। সারা বিশ্ব তা বুঝে গিয়েছে।

আপনার এলাকার যে কোনো উন্নয়ন, সমস্যা সহ বিভিন্ন খবর আমাদের পাঠান। এছাড়াও আপনার মতামত জানিয়ে আমাদের চিঠি লিখুন এবং পাঠিয়ে দিন এই হোয়াটসঅ্যাপ নম্বরে- ৯৭৩৪৬৩০৮০২/ ৯৮৩৬৯৩৩৩১৯
আমরা আপনার লেখা ‘বিশ্ব সমাচার’ পত্রিকায় প্রকাশ করব।

সতর্কীকরণ বিজ্ঞপ্তি ঃ বিজ্ঞাপনদাতাদের কোনও দাবি ও বক্তব্যের বিষয়ে এই সংবাদপত্র কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না।

সতর্কীকরণ ঃ ধূমপান ও মাদকজাতক দ্রব্য সেবন স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। ক্যানসারেরও কারণ হতে পারে।

# ইলিশ মাছ কিনতে গিয়ে বিপত্তি, ট্রেনে হার ছিনতাই



**প্রদীপকুমার সিংহ, বারুইপুর ঃ** ইলিশ কিনতে গিয়েই হল বিপত্তি। ডাক্তারি পড়ুয়া ছেলের সামনেই ট্রেন থেকে ছিনতাই হয়ে গেল মায়ের গলার সোনার চেন। ঘটনায় চাঞ্চল্য ছড়াল শিয়ালদহ দক্ষিণ শাখার কুলপি স্টেশনে। বুধবার বারুইপুর পৌর এলাকার বাসিন্দা নাম-পরিচয় জানাতে অনিচ্ছুক এক মহিলা তাঁর ডাক্তারি পড়ুয়া ছেলেকে নিয়ে কাকদ্বীপে যান ইলিশ মাছ কিনতে। সেখান থেকে ট্রেনে করে ফেরার সময় কুলপি স্টেশনে ঘটে বিপত্তি। আপ কাকদ্বীপ শিয়ালদহ লোকালের একটি জেনারেল কামরার গেটের কাছেই বসে ছিলেন ওই মহিলা ও তাঁর ডাক্তারি পড়ুয়া ছেলে। কুলপি স্টেশন থেকে ট্রেন ছেড়েছে সবে। ট্রেন পূর্ণ গতি নেওয়ার পরেই আচমকা মহিলার পিছন দিক থেকে গলায় থাকা সোনার চেন ছিড়ে নিয়ে চলন্ত ট্রেন থেকে প্ল্যাটফর্মে লাফ দিয়ে পালিয়ে যায় এক ছিনতাইবাজ। মহিলা চিৎকার করে ওঠেন। পরে তিনি বারুইপুর জিআরপিতে অভিযোগ দায়ের করেন। মহিলা অভিযোগে জানিয়েছেন, তাঁর গলায় এক ভরির সোনার হার ছিল। সঙ্গে ছিল তুলসীর মালা। অভিযোগ পাওয়ার পরেই তদন্ত শুরু করে বারুইপুর জিআরপি। বুধবার রাতেই ওই ছিনতাইবাজকে গ্রেফতার করে বারুইপুর জিআরপি। ধৃত দক্ষিণ ২৪ পরগনার জীবনতলার বাপি মণ্ডলকে জেরা করে ছিনতাই হওয়া সোনার চেনটি উদ্ধারের চেষ্টা করছে পুলিশ।

# টেট উত্তীর্ণদের আন্দোলন নিয়ে প্রশ্ন শিক্ষামন্ত্রীর

**স্টাফ রিপোর্টার ঃ** চাকরিপ্রার্থীদের আন্দোলন ‘অর্থহীন’ বলে মন্তব্য করলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বৃহস্পতিবার প্রাথমিকে ২০২২ টেট উত্তীর্ণদের বিক্ষোভে ফের একবার উত্তপ্ত হয়ে ওঠে রাজপথ। বিধানসভা গেটের সামনে একেবারে ধুন্ধুমার পরিস্থিতি তৈরি হয়। শিক্ষামন্ত্রীর দাবি, “এই আন্দোলনের কোনও মানে নেই। শূন্যপদ সংক্রান্ত তালিকা তৈরির কাজ চলছে। দু’একদিনের মধ্যেই তা বেরবে।” ফলে এরপরেও কেন এই আন্দোলন তা নিয়ে প্রশ্ন



তোলেন শিক্ষামন্ত্রী। এদিন তৃণমূল ভবনে সংবাদমাধ্যমের মুখোমুখি হন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

সেখানেই এই বিষয়ে প্রশ্ন করা হলে তিনি জানান, ‘‘পর্ষদ সভাপতি কিছুদিন আগেই জানিয়েছেন, শূন্যপদ তৈরির কাজ চলছে। আগামী দু-একদিনের মধ্যেই তা বের হবে।” এই বিষয়ে পর্ষদ সভাপতির সঙ্গে তিনি নিজে কথা বলেছেন বলে জানান শিক্ষামন্ত্রী। তাঁর কথায়, ‘‘শূন্যপদ নির্দিষ্ট করে কত আছে তা বলা হয়নি। তবে শূন্যপদ ৫০ হাজার, ৫১ হাজার বলে খাইয়ে দেওয়া হচ্ছে। তা ঠিক নয়।”

# ছত্তীসগঢ়ে নিরাপত্তাবাহিনীর গুলিতে নিকেশ মাওবাদী নেতা সহ ১০

**সংবাদ সংস্থা ঃ** ছত্তীসগঢ়ের গড়িয়াবন্দ জেলায় নিরাপত্তাবাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে নিহত হলেন মাওবাদী নেতা মনোজ। তাঁর মাথার দাম ছিল এক কোটি টাকা। শুধু তিনি একা নন, নিরাপত্তাবাহিনীর সঙ্গে সংঘর্ষে আরও ন’জন মাওবাদীর মৃত্যু হয়েছে বলে খবর। জানা গিয়েছে, মইনপুর জঙ্গলে মাওবাদীরা ঘাঁটি গেড়েছে গোয়েন্দা সূত্রে এই খবর পেয়েই তল্লাশি অভিযান শুরু হয়েছিল। সিআরপিএফের কমান্ডো বাহিনী ‘কোবরা’ এবং পুলিশের বিশেষ দল এই অভিযান চালায়। বৃহস্পতিবার সকাল থেকেই গড়িয়াবন্দ জেলার জঙ্গল এলাকায় নিরাপত্তাবাহিনীর সঙ্গে মাওবাদীদের গুলির লড়াই শুরু হয়। সেই অভিযানে মাওবাদীদের একাধিক সিনিয়র নেতা নিহত হয়েছেন বলে দাবি পুলিশের। কর্তৃপক্ষের তরফে আরও জানানো হয়েছে, বিকেলের পরও অভিযান চলছে। অভিযান পুরো শেষ হওয়ার পরেই নিহতদের সম্পর্কে বিস্তারিত তথ্য দেওয়া হবে। ওই জঙ্গল এলাকায় আর কোনও মাওবাদী ঘাঁটি রয়েছে কি না, তা নিশ্চিত করার কাজ চলছে। বস্তুত, আগামী বছরের মার্চ মাসের মধ্যে দেশ থেকে



নকশালবাদ নির্মূল করার লক্ষ্যমাত্রা নিয়েছে কেন্দ্রীয় সরকার। সম্প্রতি ছত্তীসগঢ়ের বিভিন্ন প্রান্তে ধারাবাহিক অভিযান শুরু করেছে যৌথ বাহিনী। দিন কয়েক আগে জানা যায়, ছত্তীসগঢ়ে মাওবাদী উপদ্রুত এলাকায় আধাসেনা আরও ৩০টি ঘাঁটি খুলছে। শুধু তা-ই নয়, মাওবাদীদের বিরুদ্ধে অভিযানে আরও গতি আনার কথাও জানিয়েছিল সিআরপিএফ। জঙ্গলযুদ্ধে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ‘কোবরা’ বাহিনীও মাওবাদী উপদ্রুত এলাকাগুলিতে সক্রিয় থাকবে বলেও জানানো হয়। বৃহস্পতিবারের অভিযানে সেই ‘কোবরা’ বাহিনীর গুলিতেই নিহত হন মাওবাদীরা। ছত্তীসগঢ় পুলিশের তথ্য অনুসারে, চলতি বছরে এখনও পর্যন্ত যৌথ বাহিনীর সঙ্গে সংঘর্ষে ২৩০ জনের বেশি মাওবাদীর মৃত্যু হয়েছে। এর মধ্যে শুধু বস্তার এলাকাতেই নিহত হয়েছেন ২০৯ জন মাওবাদী।

# ৭৫ তম বর্ষে ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজ আয়োজিত স্বামী বিবেকানন্দ চলচ্চিত্র উৎসব

**বিশ্ব সমাচার, ঠাকুরপুকুর ঃ** বৃহস্পতিবার আমেরিকার শিকাগোয় বিশ্বধর্ম মহাসভায় স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক বক্তৃতার ১৩২ তম বর্ষপূর্তি উদযাপন এবং বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুরের ৭৫ তম বর্ষপূর্তিকে কেন্দ্র করে বিবেকানন্দ কলেজ এবং বিবেকানন্দ ব্রাদারহুড অ্যান্ড ইউথ ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে কলেজ প্রাঙ্গণে আয়োজন করা হয় 'স্বামী বিবেকানন্দ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক গৌতম ঘোষ, তথ্যচিত্র পরিচালক শীলা দত্ত এবং অনুপ রায়চৌধুরী। বিশিষ্ট চিত্রপরিচালক গৌতম ঘোষ বলেন, সিনেমার জন্ম অদ্ভুত অনিশ্চয়তার মধ্য দিয়ে। কারণ এই শিল্প বিজ্ঞান প্রযুক্তি নির্ভর, তাই এর প্রতি মুহূর্তে পরিবর্তন হচ্ছে। এই কলেজ যে এত বড় চলচ্চিত্র উৎসবের আয়োজন করেছে, তা খুবই গুরুত্বপূর্ণ। এই কলেজে ছাত্রছাত্রীদের কেবল সিলেবাসের পড়াশোনা করানো




হয় না। এনারা হলিস্টিক এডুকেশন দেওয়ার চেষ্টা করে যাচ্ছেন। এই কলেজে নাট্যশালা রয়েছে, চলচ্চিত্র এবং নাটক নিয়েও পড়াশোনা করানো হয়। অনুষ্ঠানের প্রধান আহবায়ক বিবেকানন্দ কলেজের টিচার ইনচার্জ নবকিশোর চন্দ বলেন, ১৯৫০ সালে প্রতিষ্ঠিত এই কলেজ দীর্ঘ পথ পেরিয়ে বর্তমানে দক্ষিণ ২৪ পরগনা এবং দক্ষিণ কলকাতার অন্যতম নামী কলেজ হিসেবে পরিচিত। এই বছর ৭৫ তম বর্ষ পূরণ উৎসবের সূচনা করা হল আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আয়োজন করে। এরপর সারা বছর ধরে চলবে নানা অনুষ্ঠান। এছাড়া আমাদের কলেজ ন্যাকের মূল্যায়নে 'এ প্লাস' মান অর্জন করেছে এই বছর। এই চলচ্চিত্র উৎসব চলবে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত। ভারত সহ কানাডা, ফ্রান্স, দক্ষিণ আফ্রিকা, সুইডেন, ও বাংলাদেশ থেকে সংগৃহীত ২৬টি সিনেমা দেখানোর আয়োজন করা হয়েছে, যার মধ্যে থাকবে তথ্যচিত্র, ফিচার ফিল্ম এবং শর্ট ফিল্ম।

তিনদিন ব্যাপী উদযাপন হতে চলা এই চলচ্চিত্র উৎসবের আবহে সেজে ওঠা কলেজ প্রাঙ্গণে অংশগ্রহণ করবেন বিবেকানন্দ কলেজ সহ কলকাতার অন্যান্য নামী কলেজের ছাত্র-ছাত্রীরা। উপস্থিত থাকবেন দেশ-বিদেশের চলচ্চিত্র পরিচালকসহ নানা কলেজের অধ্যাপক-অধ্যাপিকারাও।

# নথি হিসাবে গণ্য হবে না স্বাস্থ্যসাথী কার্ড! জানাল কমিশন

(১ম পাতার পর) কোনওভাবেই আধার কার্ড নাগরিকত্বের প্রমাণ হিসাবে গণ্য হবে না। সেখানে আদৌ স্বাস্থ্য সাথী কার্ড কিংবা রেশন কার্ড কতখানি গণ্য হবে, সেটাই দেখার। স্বাভাবিকভাবেই এই বিষয়টাকে নিয়ে কটাক্ষ করেছেন বিরোধীরা। বিজেপি নেতা সুকান্ত মজুমদার বলেছেন, “রাজ্য সরকার ভীষণভাবে ভয়ে রয়েছে। তারা বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ঢুকিয়েছে। তাদেরকে রেশন কার্ড, আধার কার্ড বানিয়ে দিয়েছে। যেভাবে আধার কার্ড, ভোটার কার্ড বানিয়ে ফেলা হচ্ছে, তাতে স্বাস্থ্য সাথী কার্ড বার করা তো বাঁ হাতের খেলা! স্বাভাবিকভাবেই স্বাস্থ্য সাথী কার্ড কোনওভাবেই নাগরিকত্বের প্রমাণ হতে পারে না।” কিন্তু এবার বাংলায় যখন জোরাল হচ্ছে, পুজোর পরেই SIR, তখন নাগরিকত্বের প্রমাণ হিসাবে স্বাস্থ্য সাথী কার্ডকেও যুক্ত করার আর্জি জানাল রাজ্য। বুধবার সব রাজ্যের CEO-দের সঙ্গে বৈঠকে বসেন জাতীয় মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমার। এই বৈঠকেই সমস্ত CEO-দের নির্দেশ দেওয়া হয়েছে বলে সূত্রের খবর। পাঁচ রাজ্য পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, অসম, কেরল ও পন্ডিচেরি- আগামী বছরে ভোট, ফলে এই রাজ্যগুলিতে এসআইআর আগে চালু হওয়ার সম্ভাবনা প্রবল।

ইতিমধ্যেই কমিশনের তরফ থেকে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে, আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে প্রস্তুতি শেষ করতে হবে সব রাজ্যকে। অক্টোবরে এ ব্যাপারে বিজ্ঞপ্তি জারি করা হতে পারে। তারপরই শুরু হতে পারে ভোটার তালিকা সংশোধনের কাজ। তবে নির্দিষ্ট করে কোনও দিনক্ষণ এখনও জানায়নি কমিশন। এবার কমিশন জানাল, স্বাস্থ্যসাথী এসআইআরের নথি হিসাবে গণ্য হতে পারে না।

# নুরপুরে ক্ষতিগ্রস্ত নদীবাঁধ পরিদর্শনে সেচমন্ত্রী মানস

**হেদায়তুল্লা পুরকাইত, ডায়মন্ড হারবার ঃ** হুগলি নদীর নুরপুর ফেরিঘাটের কাছে নদীবাঁধে ধস। ডায়মন্ড হারবারের বিধায়ক পান্নালাল হালদার ও ডায়মন্ড হারবার বিধানসভার তৃণমূল কংগ্রেসের পর্যবেক্ষক সামিম আহমেদকে সঙ্গে নিয়ে নুরপুর নদীবাঁধে ধস পরিদর্শন করেন সেচমন্ত্রী মানস ভুঁইয়া। ডায়মন্ড হারবার ২ নং ব্লকের নুরপুর জেটিঘাটের কাছে নদীবাঁধে ফাটল ধরে মঙ্গলবার। পরে জোয়ারের জলের ধাক্কায় নদীবাঁধে ধস নামে। বন্ধ হয়ে যায় নুরপুর জেটিঘাটের ভেসেল চলাচল। মেদিনীপুর, হাওড়া ও দক্ষিণ ২৪ পরগনা জেলার সংযোগস্থল ছিল নুরপুর জেটিঘাট। মেদিনীপুরের গেঁওখালি, হাওড়ার গাদিয়াড়া ও দক্ষিণ ২৪ পরগনার এই জেটিঘাট দিয়ে সারাদিন বহু মানুষ যাতায়াত করতেন। জেটি ও সংলগ্ন এলাকা ধসের জেরে ক্ষতিগ্রস্ত হয়। খবর পেয়ে



সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় দ্রুত ব্যাবস্থা নিতে বলেন। খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শনে আসেন রাজ্যের সেচমন্ত্রী মানস ভুঁইয়া। ডায়মন্ড হারবার বিধানসভার তৃণমূল কংগ্রেসের পর্যবেক্ষক সামিম আহমেদ ও বিধায়ক পান্নালাল হালদার সহ স্থানীয় প্রশাসনকে সঙ্গে নিয়ে এদিন পরিদর্শন করেন। পরিদর্শনের পর সেচমন্ত্রী মানস ভুঁইয়া বলেন, জেটি মুখ থুবড়ে পড়েছে। বাঁধের অনেকটা ক্ষতি হয়েছে। কিছুটা ভিতরে জল ঢুকেছে। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে আমাদের ফুল টিম এবং দপ্তরের সব থেকে দক্ষ ও ভালো ইঞ্জিনিয়ারকে এখানে দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়া কলকাতা পোর্টের অফিসার এসে দেখে মিটিং করেছেন। ধাপে ধাপে কী পদক্ষেপ নিতে হবে, সেই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ক্ষতির কারন হল এখানে ঝুরঝুরে মাটি। এছাড়া গঙ্গা যখন তখন তার নিজের রূপ পরিবর্তন করছে। আর ভেসেলগুলো তাদের নিদিষ্ট রুটে না গিয়ে ইচ্ছেমতো চলছে। সেই ঢেউ ধাক্কা মারছে বাঁধে। তার জন্য ক্ষতি হচ্ছে। এছাড়া কেন জেটি মুখ থুবড়ে পড়ল, তার তদন্ত করা হবে। এই কাজে স্থানীয় বাসিন্দাদের সহযোগিতা কাম্য বলে জানান মানসবাবু।

# এবার সরাসরি ‘বন্ধু’ রাশিয়াকে বার্তা ভারতের

**সংবাদ সংস্থা ঃ** ইউক্রেনের সঙ্গে যুদ্ধে ইতিমধ্যেই প্রাণ হারিয়েছেন কয়েকজন। নতুন করে যোগদানের খবর প্রকাশ্যে আসতেই নড়েচড়ে বসেছে কেন্দ্রীয় সরকার। রুশ সরকারের সঙ্গে এই বিষয়ে যোগাযোগ করা হয়েছে। তাঁদের কাছে আবেদন করা হয়েছে যাতে ভারতীয়দের সেনায় যোগদান না করানো হয়। পাশাপাশি বিদেশ মন্ত্রকের তরফে এক বিবৃতিতে সতর্ক করা হয়েছে যাতে কোনওভাবেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের জড়িয়ে না পড়েন ভারতীয়রা। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, সম্প্রতি ভারতীয়দেরকে রুশ সেনায় যোগদান করানোর খবর জানা গিয়েছে। তিনি বলেন, ‘আমরা দিল্লি এবং মস্কো দুই জায়গাতেই রুশ কর্তৃপক্ষের কাছে বিষয়টি তুলে ধরেছি। এই নিয়োগ বন্ধ করার এবং আমাদের নাগরিকদের মুক্তি দেওয়ার অনুরোধ জানিয়েছি। আমরা ক্ষতিগ্রস্ত ভারতীয় নাগরিকদের পরিবারের সঙ্গেও যোগাযোগ রাখছি।’








## M.S. MODEL SCHOOL

CBSE BOARD

ENGLISH MEDIUM

Pre- Nursery to Class-VI



ADMISSION OPEN! For 2024-25

Contact Us for Admission

9874878769 | 9674605442

UDAYRAMPUR (PRABHAS ROY ITI COLLEGE)

RECREATION CLUB, OLD LOCAL BUS STAND

VILL-UDAYRAMPUR, P.O.-KANYANAGAR, P.S.-BISHNUPUR, DIST-24 PGS. (S)

## M/S EXCLUSIVE FURNITURE

SHOWROM

ALL KINDS OF FURNITURE , WOODEN FURNITURE AVAILABLE HERE.

- Bedroom Set
- Dining Table
- Centre Table
- Sofa Set
- Sofa Cum Bed
- Caftan
- Office & Home Decor
- Wallpaper



AMTALA, D.H. ROAD (ABOVE BAZAR KOLKATA) & BESIDE HIMALAYA MARKET

8017061018 | 9830323296

জয়নগরে এই প্রথম ১০০ শয্যা বিশিষ্ট

## মাল্টিস্পেশালিটি হসপিটাল

স্বাস্থ্য সাথী 'বি' গ্রেড মান্যতাপ্রাপ্ত

## স্পন্দন মেটারনিটি এ্যাণ্ড নার্সিং হোম

জয়নগর মজিলপুর, (হরিসাধন ডাক্তারের নার্সিং হোম)

২৪ ঘন্টা আপনাদের পাশে, আপনাদের সাথে

স্বাস্থ্য সাথী, W.B. Health Scheme ও অন্যান্য মেডিক্লেম-এর ক্যাশলেশ চিকিৎসার সুবিধা আছে।

আই.সি.সি.ইউ | ডায়ালিসিস | অর্থপেডিক | এণ্ডোস্কোপ | কলোনোস্কোপ | ইউরো সার্জারী | মাইক্রোসার্জারী | হিপ/নি রিপ্লেসমেন্ট | স্পাইন সার্জারী

NABH Pre Accredited Hospital

৪/৪ থানা ক্রশ রোড, জয়নগর মজিলপুর, দক্ষিণ ২৪ পরগণা

Emergency Call : 03218-228500

Mob.- 9647346036 / 7407305031

## চিত্তরঞ্জন ডেন্টাল হসপিটাল

সময় : সকাল ৮টা থেকে বেলা ১২টা পর্যন্ত

C.T. SCAN সেন্টার 24 HOURS

স্বাস্থ্য-সাথী কার্ড-এর মাধ্যমে মুখের ক্যানসার অপারেশন করা হয়।

মুখের ক্যান্সার | মুখের সিস্ট | মুখের ফ্র্যাকচার | মুখের টিউমার

7797102020, 7866844703

E-Mail : chittaranjandental1989@gmail.com

কুল্পী (কুল্পী থানার পাশে) দক্ষিণ ২৪ পরগনা

## ডক্টরস্ নার্সিং হোম

ডায়গোনস্টিক সেন্টার

স্বাস্থ্যসাথীর সুবিধা

উক্ত কার্ডধারীরা সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা ও অপারেশনের সুযোগ পাবেন। সেই সঙ্গে ভর্তি থাকাকালীন খাবার এবং ছুটির সময় পাঁচ দিনের ঔষধ ও গাড়ি ভাড়া বাবদ ২০০ টাকা পাবেন।

পশ্চিমবঙ্গ সরকারের 'স্বাস্থ্যসাথী' এবং 'রাষ্ট্রীয় স্বাস্থ্যবীমা যোজনা' মান্যতা প্রাপ্ত হাস্পাতাল

রাষ্ট্রীয় স্বাস্থ্যবীমা যোজনার সুবিধা

উক্ত কার্ডধারীরা সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা ও অপারেশনের সুযোগ পাবেন। সেই সঙ্গে ভর্তি থাকাকালীন খাবার এবং ছুটির সময় পাঁচ দিনের ঔষধ ও গাড়ি ভাড়া বাবদ ১০০ টাকা পাবেন।

Paramount Health Care Management Pvt. Ltd.

(New India Assurance Co. Ltd.)

General | Mediclame | Cashless

রেলিগ্যার ইন্ডিয়া টি.পি.এ.এল.টি.ডি. পশ্চিমবঙ্গ পুলিশের স্বাস্থ্যবীমা এবং ক্যাশলেস

9732594567 || 9093107497 || 9153118315

নিউ টাউন, ডায়মন্ডহারবার, দঃ ২৪ পরগণা

## অঙ্কিত অটোমোবাইল

ইয়ামাহা বাইক ও স্কুটার শো-রুম



অথঃ ডিলার YAMAHA Revs your Heart

8145959467

কাকদ্বীপ, রথতলা, বীরেন্দ্র মার্কেট (শ্মশান-এর বিপরীতে)

আলিমুদ্দিন লস্কর(আলিম) পরিচালিত

## আনাবিয়া নার্সিং হোম

আমাদের অঙ্গিকার

- সঠিক চিকিৎসা
- উন্নত পরিষেবা
- কম খরচ

পারুলিয়া মোড়(মসজিদের বিপরীতে), ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা

9732532311, 7908294921

7001769962, 9733554264

## দি ইডেন নার্সিং হোম

প্রোঃ এ.হাসান

দিবা-রাত্রি বিশেষজ্ঞ ডাক্তারবাবু দ্বারা চিকিৎসা ও অপারেশান-এর সুব্যাবস্থা আছে।

পারুলিয়া জয়দেবপুর, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা

১৭ তম বর্ষে

আরও নতুন সাজে

## বিশ্ব সমাচার

BISWA SAMACHAR

এখন থেকে সব পেপার বিক্রেতার কাছে পাওয়া যাচ্ছে।

আজই আপনার পাশের পেপার বিক্রেতাকে বলে রাখুন।

যোগাযোগ করুন : 815 899 4878


বিশ্ব সমাচার এর পক্ষে স্বত্বাধিকারী শম্পা দাস বেরা কর্তৃক, পোস্ট- কাকদ্বীপ জেলা- দক্ষিণ ২৪ পরগনা হইতে প্রকাশিত এবং মা দুর্গা প্রিন্টার্স, কাকদ্বীপ হইতে মুদ্রিত। সিটি অফিস : কলেজপাড়া, ১১০/১বি রবীন্দ্রনাথ ঠাকুর রোড, পূর্বাচল বিবেক আবাসন (৩য় তল), (দশপুর মেলার কাছে), পোস্ট : ঠাকুরপুকুর, কলকাতা- ৭০০০৬৩। R.N.I No: WBBEN/2007/24730

প্রতিষ্ঠাতা : অনুকূল চন্দ্র দাস ,সম্পাদক : স্বপন কুমার দাস।



২০২২ সালের প্রাথমিক টেট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী নিয়োগের দাবিতে বিধানসভার প্রধান ফটক অবরোধ করেন। বৃহস্পতিবার কলকাতায় পুলিশ তাদের ছত্রভঙ্গ করার জন্য ব্যাপক অভিযান চালায়। **ছবি - পূর্বাদ্রি দাস।**

# নিয়োগের দাবি বিক্ষোভ বিধানসভার বাইরে

**স্টাফ রিপোর্টার ঃ** দ্রুত নিয়োগের দাবিতে রাস্তায় নেমেছেন ২০২২ সালের উত্তীর্ণরা। তুমুল বিক্ষোভ চলল বিধানসভায়। 'পাশ করে কি ভুল করেছি?' রাস্তায় বসে প্রশ্ন আন্দোলনকারীদের। যদিও শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলছেন, "এই আন্দোলন অর্থহীন। খুব দ্রুত যেখানে পর্ষদ ভ্যাকেন্সি লিস্ট পাবলিশ করতে যাচ্ছে, এক-দু'দিনের মধ্যে যা বের হবে তার আগে এই আন্দোলনের পিছনে কী উদ্দেশ্য আছে আমি জানি না।" আন্দোলনকারীরা এদিন সন্ধ্যায় পৌঁছে গেলেন শিক্ষামন্ত্রীর কালিন্দির বাড়ির এলাকাতেও। তবে সেখানেও তাঁদের পুলিশি বাধার মুখে পড়তে হয়। পুজোর আগেই যদি শুন্য পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত না হয় সে ক্ষেত্রে আরও বৃহত্তর আন্দোলন হবে বলেও হুঁশিয়ারি দিলেন আন্দোলনকারীরা। পাশাপাশি এক সপ্তাহের সময়সীমা বেঁধে দিয়ে আন্দোলনকারীদের হুশিয়ারি, এই সময়ের মধ্যে যদি ৫০ হাজার শুন্যপদের জন্য নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ না হলে এর খেরে আরও বেশি সংখ্যক চাকরিপ্রার্থীদের নিয়ে বিধনসভা অভিযান হবে। ক্ষোভ উগরে দিলেন আরও এক চাকরিপ্রার্থী। তিনি বললেন, "ব্রাত্য বসু সাংবাদিক সম্মেলনে বললেন আমাদের নাকি শূন্যপদ এখনও আসেনি। ভ্যাকেন্সি ৫০ হাজার নেই। আমরা নাকি মিথ্যা কথা বলছি। কিন্তু পুর্ষদ সভাপতি নিজে বলেছেন ৫০ হাজার শূন্যপদ রয়েছে।" একই সুর আরও একজনের গলাতেও। প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে বললেন, "আমাদের দাবি ৫০ হাজার শূন্যপদে অবিলম্বে নোটিস এবং ভোটের আগে আমাদের নিয়োগ চাই। শিক্ষামন্ত্রী বলেছেন আমাদের আন্দোলনের কোনও মানে হয় না। তিনি বলছেন দু'দিনের মধ্যে আমাদের নোটিফিকেশন আসবে। আমরা তিনটে বছর ধরে শুধু প্রতিশ্রুতি শুনেছি। আমরা কেউ সরকার বিরোধী নই। আমরা চাই এই প্রতিশ্রুতি যেন এবার পূরণ হয়।"

# নিরাপত্তাবিধি মানছেন না রাহুল, অভিযোগে চিঠি সিআরপিএফের

**সংবাদ সংস্থা ঃ** বিদেশ সফরে গিয়ে আপনি নিরাপত্তা বিষয়ক প্রটোকল বা বিধি মানছেন না, অভিযোগ জানিয়ে কংগ্রেস সংসদ রাহুল গান্ধীকে চিঠি লিখল সেন্ট্রাল রিজার্ভ ফোর্স (সিআরপিএফ)। রাহুল এবং খাড়গেকে চিঠি লিখেছেন সিআরপিএফের ভিভিআইপি নিরাপত্তা বিষয়ক প্রধান সুনীল জুনে। তিনি অভিযোগ করেছেন, নিরাপত্তার ঘেরাটোপকে গুরুত্ব দিচ্ছেন না রাহুল। এমনকী অধিকাংশ ক্ষেত্রেই নিরাপত্তা বাহিনীকে না জানিয়েই বিদেশে সফরে যাচ্ছেন। ওই বিদেশ সফরগুলির উদাহরণও দিয়েছেন তিনি। যেমন, ইটালি (৩০ ডিসেম্বর থেকে ৯ জানুয়ারি), ভিয়েতনাম (১২ থেকে ১৭ মার্চ), দুবাই (১৭ থেকে ২৩ এপ্রিল), কাতার (১১ থেকে ১৮ জুন), লন্ডন (২৫ জুন থেকে ৬ জুলাই) এবং মালোয়েশিয়া (৪ থেকে ৮ সেপ্টেম্বর)। সিআরপিএফ হলুদ বইতে রায় বরেলির সাংসদের নিরাপত্তা নিয়ম ভাঙার বিষয়টি লিপিবদ্ধ



হয়েছে। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী জেড প্লাস নিরাপত্তা পান। যা ভারতে একজন ব্যক্তির জন্য সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা। এতে ন্যাশনাল সিকিউরিটি গার্ড (এনএসজি) কমান্ডো-সহ প্রায় ৫৫ জন নিরাপত্তা কর্মী থাকেন। জেড প্লাস নিরাপত্তায় ভিভিআইপি ব্যক্তি কোনও সফরে যাওয়ার আগে স্থানীয় প্রশাসনকে আগেভাগে সতর্ক করা হয়। উল্লেখ্য, এই প্রথম নয়, এর আগে ২০২২ সালে রাহুল গান্ধীকে নিয়ে একই অভিযোগে চিঠি লিখেছিল সিআরপিএফ। সেবার বাহিনীর অভিযোগ ছিল, দু'বছরে ১১৩ বার নিরাপত্তা প্রটোকল ভেঙেছেন কংগ্রেস নেতা। এবারের চিঠি নিয়ে এখনও পর্যন্ত প্রতিক্রিয়া দেননি রাহুল গান্ধী এবং মল্লিকার্জুন খাড়গে।

# ইয়েমেনে গোলাবর্ষণ ইজরায়েলের, নিহত ৩৫



**নিউজ এশিয়া ঃ** দিন কয়েক আগেই ইজরায়েলে ড্রোন হামলা চালিয়েছিল ইয়েমেন। এবার প্রত্যাঘাত করল তেল আভিভ। বুধবার ইয়েমেনের রাজধানী সানাতে ভয়াবহ বিমান হামলা চালাল ইজরায়েল। ঘটনায় মৃত্যু হয়েছে অন্তত ৩৫ জনের। আমেরিকার উদ্যোগে হাউথি ও ইজরায়েলের মধ্যে সংঘর্ষবিরতি আগেই ভেঙেছে। তেল আভিভের এই নতুন হামলার জেরে সংঘর্ষের আগুন আরও তীব্র হবে বলেই আশঙ্কা করা হচ্ছে। ইয়েমেনের স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, বুধবার রাজধানী সানার পাশাপাশি আল-জাওফেও গোলাবর্ষণ করেছে ইজরায়েলি সেনা। ঘটনায় এখনও পর্যন্ত অন্তত ৩৫ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। আহতের সংখ্যা ১৩১। ইজরায়েলের এই হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে বহু বাড়িঘর এবং হাসপাতাল। হাউথিদের মুখপাত্র ইয়াহিয়া সারি বলেন, "ইজরায়েলের এই হামলার প্রতিরোধ করেছে হাউথিরা। তাদের বিমান লক্ষ্য করে বেশ কয়েকটি সারফেস-টু-এয়ার মিসাইল ছোড়া হয়েছে। তারপর তড়িঘড়ি সেগুলি ফিরে যায়।" প্রসঙ্গত, হাউথি প্রধানমন্ত্রীর মৃত্যুর বদলা নিতে রবিবার ইজরায়েলে ড্রোন হামলা চালায় ইয়েমেন। ৩টি ড্রোনকে গুলি করে নামায় ইজরায়েলি সেনা। ইয়েমেনের সেই হামলার পালটা দিল এবার তেল আভিভ।

# পথ দুর্ঘটনায় মৃত্যু এক ব্যক্তির

**নিউজ এশিয়া ঃ** প্রাতঃভবনে বেরিয়ে পথ দুর্ঘটনায় মৃত্যু হলো এক ব্যক্তির, শোকের ছায়া পরিবারে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে মুর্শিদাবাদের ফরাক্কার ১২ নম্বর জাতীয় সড়কের উপরে আলীনগর এলাকায়। পরিবার সূত্রে জানাযায়, মৃত ব্যক্তির নাম দিবাকর হালদার (৪৫) বাড়ি ফরাক্কা সাহা নগর কলোনী। প্রতিদিনের মতো এদিন সকালে বাড়ি থেকে প্রাতঃভবনে বেরিয়ে ছিলো দিবাকর হালদার। আলীনগর ১২ নম্বর জাতীয় সরকে ধরে বাড়ি দিকে আসছিলো সে। ঠিক সেই সময় ধুলিয়ানের দিক থেকে মালদা যাওয়া একটি গাড়ি পিছন থেকে ধাক্কা মারে দিবাকরকে বলে জানাযায়। তারপর রক্ত অবস্থাই রাস্তায় লুটিয়ে পরে। স্থানীয় বাসিন্দারা তড়িঘড়ি দিবাকর হালদারকে বেনিয়াগ্রাম প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসাক তাকে মৃত বলে ঘোষণা করে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ফরাক্কা থানার পুলিশ। পুলিশ সুত্রে জানা যায়, এদিন সকালে আলিনগর ১২ নম্বর জাতীয় সড়কের উপর দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটি যায় পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জঙ্গিপুর হাসপাতালে পাঠায়।

# ফের মেট্রো বিভ্রাট

**নিউজ এশিয়া ঃ** ফের মেট্রো বিভ্রাট। শহীদ ক্ষুদিরাম থেকে মহানায়ক উত্তম কুমার পর্যন্ত মেট্রো চলাচল বন্ধ।

৪৫ মিনিট থেকে এক ঘন্টার উপরে এই স্টেশন গুলিতে মেট্রো চলাচল বন্ধ রয়েছে। মহানায়ক উত্তম কুমার থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো চলাচল স্বাভাবিক রয়েছে বলে মেট্রো সূত্রে খবর। মেট্রো তরফে চেষ্টা করা হচ্ছে শহীদ ক্ষুদিরাম থেকে মহানায়ক উত্তম কুমার পর্যন্ত আলাদা মেট্রো চালিয়ে পরিস্থিতি স্বাভাবিক করার।

# শুরু হলো বহুল প্রতীক্ষিত নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্ট

**নিউজ এশিয়া ঃ** নদিয়া জেলার শান্তিপুরে বৃহস্পতিবার থেকে শুরু হলো বহুল প্রতীক্ষিত নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্ট। উদ্বোধন করেন বিজেপির রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য। শান্তিপুর যুব সংঘের মাঠে এদিন এক উৎসবমুখর পরিবেশে ভারতের জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে টুর্নামেন্টের আনুষ্ঠানিক সূচনা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্য নেতার পাশাপাশি উপস্থিত ছিলেন জেলার একাধিক নেতৃত্ব ও স্থানীয় বিশিষ্টজনেরা।

উদ্বোধনের পর শ্রমিক ভট্টাচার্য কিছুক্ষণ মাঠে পায়ে বল নিয়ে খেলেন, যা উপস্থিত দর্শকদের মধ্যে উচ্ছ্বাসের সৃষ্টি করে। খেলার মাঠ ভরে ওঠে দর্শকদের করতালিতে। তিনি জানান, খেলাধুলা মানুষকে একত্রিত করে, সমাজে ঐক্যের বার্তা ছড়িয়ে দেয়। তাই এই ধরনের টুর্নামেন্ট শুধু খেলার জন্য নয়, সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এরপর সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি রাজ্য সভাপতি শান্তির বার্তা দেন। একইসঙ্গে তিনি রাজনৈতিক বক্তব্যও রাখেন এবং একাধিক প্রসঙ্গ সামনে আনেন।

উল্লেখ্য, এই নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্ট এদিন থেকে শুরু হয়ে আগামী ১৭ই সেপ্টেম্বর পর্যন্ত চলবে। প্রতিদিন জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত দলগুলি অংশ নেবে এই প্রতিযোগিতায়। খেলার পাশাপাশি স্থানীয় মানুষের মধ্যেও উৎসবের আমেজ ছড়িয়ে পড়বে বলে আশা আয়োজকদের।

# ভারত নেপাল সীমান্ত থমথমে পরিবেশ

**নিউজ এশিয়া ঃ** ভারত নেপাল সীমান্ত থমথমে পরিবেশ। বৃহস্পতিবার সেই ছবি ভেসে উঠল ইন্দো নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে। নেপাল থেকে জরুরি ভিত্তিতে ভারতে আসার অনুমতি দেওয়া হচ্ছে। তবে ভারত থেকে নেপালে যাওয়ায় সাময়িক নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বুধবারের মতোই এদিনও সীমান্তে কড়া পুলিশি নিরাপত্তার পাশাপাশি এসএসবিরও ঘেরাটোপ কড়া দেখা গিয়েছে। ইতিমধ্যে সীমান্তে পৌঁছে গিয়েছেন এসএসবির ডিআইজি মঞ্জিত সিং। নেপালে জেন জির আন্দোলনের আঁচ ভারতে এসে না পরলেও তার প্রভাব সীমান্তে যে পরেছে তা পরিস্কার। প্রতিদিন সীমান্ত দিয়ে প্রায় আটশো থেকে এক হাজার ট্রাক পারাপার করে। মঙ্গলবার থেকে সেই সমস্ত ট্রাক সীমান্তে আটকে রয়েছে। বেশিরভাগ ট্রাকেই রয়েছে আলু, পটল, তেলের ট্যাঙ্কারে মতো জরুরি সামগ্রী। পণ্যবাহী ট্রাকগুলো পারাপার না করতে না পারায় চিন্তায় ব্যবসায়ী মহল। পাশাপাশি ব্যাপক সমস্যায় পরেছে ট্রাক চালকরা। অন্যদিকে, সীমান্ত বন্ধ থাকায় ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে স্থানীয় ব্যবসায়ীদেরও। কবে এই পরিস্থিতি স্বাভাবিক হবে এখন সেই আশায় দিন কাটাচ্ছে সীমান্তের ব্যবসায়ী থেকে ট্রাক চালকরা। তবে সীমান্ত দিয়ে যারা ভারতে আসছেন তাদের মতে বৃহস্পতিবার থেকে নেপালের পরিস্থিতি অনেকটাই উন্নতি হয়েছে। প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি দেশ ছাড়ার পর ও শাসন ক্ষমতা সেনা নিজেদের হাতে নেওয়ার পর আন্দোলণের তীব্রতা অনেকটাই কমেছে। সেখানে জারি করা হয়েছে কার্ফু। নেপাল থেকে আগত প্রবীন কুমার রাই বলেন, "ওপারে এখনও উদ্বেগের পরিবেশ রয়েছে। কোন প্রশাসন নেই। সেনা এখন সবটা দেখছে। কাউন্টার ইন্টেলিজেন্স ফোর্সের এডিজি অজয় নন্দা আজ পরিদর্শন করেন ভারত নেপাল সীমান্তের পানি ট্যাংকি এলাকা। তিনি বৈঠক করেন এসএসবির সাথে। নেপালের সাথে থাকা পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলার সীমান্ত পুলিশের বাড়তি নজর রয়েছে বলেই জানেন তিনি।







# কাঁসার বাসন তৈরীর কাজে নেপালে যাওয়া বাঁকুড়ার লালবাজার গ্রামের ৩০০ পরিযায়ী শ্রমিকের পরিবারে বাড়ছে উদ্বেগ


**নিউজ এশিয়া ঃ** নেপালে অশান্তির জেরে জারি করা হয়েছে কার্ফু। দেশে ফিরে আসা তো দূরের কথা বাড়ির বাইরে বেরোনোর অনুমতিটুকুও নেই। অগত্যা নেপালে নিজের নিজের কর্মস্থলেই আটকে রয়েছেন বাঁকুড়ার হীড়বাঁধ ব্লকের লালবাজার গ্রামের প্রায় ৩০০ পরিযায়ী শ্রমিক। নেপালে লাগাতার অশান্তিতে ওই ৩০০ পরিযায়ী শ্রমিকের নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ছে শ্রমিক পরিবারগুলিতে।

বাঁকুড়ার হীড়বাঁধ ব্লকের লালবাজার গ্রামে প্রায় ৩০০ পরিবারের বসবাস। এই গ্রামে এমন কোনো পরিবার খুঁজে পাওয়া দুস্কর যে পরিবার থেকে কেউ না কেউ নেপালে পরিযায়ী শ্রমিক হিসাবে কাজে যাননি। এই গ্রাম থেকে নেপালে যাওয়া পরিযায়ী শ্রমিকেরা মূলত নেপালের কাঠমান্ডুর নেপালগঞ্জ এলাকায় থাকা একের পর এক কাঁসা বাসন তৈরীর কারখানায় কাজ করেন। প্রতি বছর পুজোর সময় তাঁরা ফিরে আসেন নিজের গ্রামে। এবছরও সকলেই গ্রামে ফেরার জন্য ট্রেনের টিকিট কেটে ফেলেছিলেন। কিন্তু তার আগেই নেপালে শুরু হয়ে যায় অশান্তির। অশান্তির জেরে নেপালের কাঁসা বাসন তৈরীর কারখানাগুলিতে বন্ধ হয়ে যায় কাজ। কারখানা লাগোয়া আবাসগুলিতেই অন্যান্য পরিযায়ী শ্রমিকদের পাশাপাশি আটকে পড়েন লালবাজার গ্রামের প্রায় ৩০০ পরিযায়ী শ্রমিক। নেপাল জুড়ে কার্ফু জারি হওয়ায় এখন দেশে ফেরা তো দূরের কথা কারখানা চত্বর থেকে রাস্তায় বেরোনোয় নিষেধ। কারখানার মালিক পক্ষ কারখানার শ্রমিক আবাসগুলিতে খাবার ও জল সরবরাহ করলেও কাজে যাওয়া ওই পরিযায়ী শ্রমিকদের নিরাপত্তা নিয়ে ক্রমশই উদ্বেগ বাড়ছে শ্রমিক পরিবারগুলিতে। টিভি চ্যানেলে নেপালের ভয়ঙ্কর অশান্তির খবর দেখে লালবাজার গ্রামে কোনো পরিবারে চিন্তায় রাতের ঘুম উড়েছে তো কোনো পরিবারে লাটে উঠেছে রান্নাবান্না খাওয়া দাওয়া। এই পরিস্থিতিতে পরিবারগুলির একটাই কামনা পুজোর আগেই সুস্থ অবস্থায় নিজের গ্রামে ফিরে আসুক প্রতিটি পরিযায়ী শ্রমিক।

# সীমান্তে আটক দুই ভারতীয় নাগরিক

**নিউজ এশিয়া ঃ** বসিরহাট মহাকুমার স্বরূপ নগর এর সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশ সীমানা পেরিয়ে এদেশে আসার সময় এক মহিলা সহ দুজনকে আটক করে তারালি সীমান্তের কর্তব্যরত বিএসএফের জওয়ানরা। জিজ্ঞাসাবাদে পর তাদেরকে স্বরূপনগর থানার পুলিশ হাতে তুলে দেয় বিএসএফ। পুলিশ তাদেরকে গ্রেফতার করে। পুলিশ সূত্রে জানা যায়, প্রদীপ সাহা সাথে তার স্ত্রী দীপা সাহা তারা অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে আসছিল। তাদের বাড়ি বারাসাত আপন পল্লী এলাকায়। পরবর্তী আইনের পদক্ষেপ গ্রহণ করার জন্য তাদেরকে স্বরূপনগর থানার পুলিশ বৃহস্পতিবার বসিরহাট মহকুমা আদালতে পাঠায়।

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য বিশেষ কোর্সে ভর্তি চলিতেছে

ভারত সরকার দ্বারা অনুমোদিত ও ISO 9001:2015 Certified Organization

# সুন্দরবন রুর‍্যাল কম্পিউটার

## লিটারেসি ড্রাইভ এন্ড ভোকেশনাল ট্রেনিং সেন্টার

**সুবিধা**

কম্পিউটার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সের সম্ভার। অভিজ্ঞ শিক্ষক মন্ডলী, বিশ্বমানের সর্বত্র গ্রহণযোগ্য সার্টিফিকেট, সফল কর্মজীবনের সুযোগ, আধুনিক প্রশিক্ষণ ব্যবস্থা, কেরিয়ার গাইড, ডিজিটাল উপস্থাপনার মাধ্যমে ক্লাস, পেশাদার অনুপ্রেরণা, আপনার নজরেই ক্লাস।



**ছোট থেকে বড় সকলের জন্য কম্পিউটার প্রশিক্ষণ**



**COURSES AVAILABLE**

- COMPUTER BASIC, Advance Diploma In INFORMATION TECHNOLOGY,
- FINANCIAL ACCOUNTING (Tally.ERP),
- DESK TOP PUBLISHING,
- HARDWARE & NETWORKING,
- Kids Magic (Class V-VIII),
- Multimedia (VFX, Animation, Video Editing etc.)

**ADMISSION OPEN**

আসন সংখ্যা মাত্র ৬০ টি

9378180038 https://www.srcld.org.in



SPECTRUM Gallery
Creative Graphic & Photography Studio

আপনি কী ব্যবসা করেন?
ব্যবসা আপনার, প্রচার করবো আমরা

বদলাচ্ছে দিন
বদলাচ্ছে
**বিজ্ঞাপন**
তাই বিজ্ঞাপন আর দেওয়ালে নয়,
**Social Media-র** মাধ্যমে পৌঁছে যান গ্রাহকদের কাছে।

- পোস্টার
- ব্যানার
- হ্যান্ডবিল
- ভিজিটিং কার্ড
- লোগো ডিজাইন
- ওয়েব ব্যানার
- YouTube থাম্বনেল



অর্ডার করুন

Sample দেখার জন্য বা অর্ডার করতে
Whatsapp করুন এই নম্বরে :
800 188 1261

Spectrum Gallery
# স্পেকট্রাম
গ্যালারী
ক্রিয়েটিভ গ্রাফিক্স এন্ড ফটোগ্রাফি স্টুডিও



## স্টুডেন্ট কর্নার

- গ্রাফিক্স ডিজাইন
- ফটোগ্রাফি
- সাইবার ক্যাফে

- WEB পোস্টার ডিজাইন
- ফ্লেক্স ডিজাইন
- ড্যামেজ ফটো রিপেয়ারিং
- ফটো ফ্রেমিং, ফটো প্রিন্টিং
- কফি কাপ,
- টি-সার্ট প্রিন্টিং
- স্কুল ID CARD

সমস্ত অনলাইন পরিষেবা



7501075354, 8001881261

নারায়ণপুর (রিলায়েন্স পাম্পের বিপরীতে), নামখানা, দঃ ২৪ পরগণা

# জরুরী পরিষেবা

## ব্লাড ব্যাঙ্ক



লায়ন্স ডিস্ট্রিক্ট
২৭/৮এ, ওয়াটারলু স্ট্রিট, কল-৬৯,
২২৪৮-৫৭৭৮ ৫৭৮০
www.bloodbanklions.com

সঞ্জীবন ব্লাড ব্যাঙ্ক
ফুলেশ্বর, উলুবেড়িয়া,
হাওড়া, ৭১৬৬-৬০০০

মেট্রোপলিটন ব্লাড ব্যাঙ্ক
১৭৯, পার্ক স্ট্রিট, কলকাতা-১৭

পঃ বঃ ভলান্টারি ব্লাড ডোনার্স ফোরাম
৭৬, পাইওনিয়ার পার্ক, বারাসত,
কলকাতা-১২৪, ২৫৪২-১৫৬১
www.wbvbdf.org

অশোক ল্যাবরেটরিস
৩০৮, যোধপুর পার্ক, কল-৬৮
২৪৭২-০৩৩৩, ২৪১৪-৮২৫০

ভোরুকা রিসার্চ সেন্টার
৬৩, রফি আহমেদ কিদোয়াই
রোড, কলকাতা-১৯

সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক
২০৫, বিবেকানন্দ রোড,
কল-৬, ২৩৫১-০৬১৯

লাইফ কেয়ার মেডিক্যাল
সিআইটি রোড, লিন্টন পোস্ট
অফিস কল-১৪
২২৮৪ ২২৯৮৬৯৪০

রামকৃষ্ণ সেবা প্রতিষ্ঠান
৯৯, শরৎ বোস রোড,
কল-২৬, ২২৭৫-৩৬৩৬-৩৯
www.rkmsp.org

দ্য হিমোফিলিয়া সোসাইটি
কালিকাপুর, সিংহবাড়ি, ইএম বাইপাস,
কলকাতা-৯৯

কাকদ্বীপ মহকুমা হাসপাতাল
ব্লাড সেন্টার
০৩২১০-২৫৫১৫১

ডায়মন্ড হারবার মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল
ব্লাড সেন্টার -
ফোন নাম্বার - ৯৪৩২৮৮৬১৪১

## নার্সেস সেন্টার



নার্সেস চেম্বার
১০বি, ডাঃ কার্তিক বোস স্ট্রিট,
কল-৯ ৯৩৩০৮৩৭০২৫

নার্সেস ইউনিয়ন
৪১, ইসমাইল স্ট্রিট,
কল-১৪, ২২৬৫-৩২৮১

সারদা হেলথ এডু সার্ভিস
৬০, স্টেশন রোড, ঢাকুরিয়া,
কল-৩১, ২৪১২-৯৬৬৮/
২৪১৪-৯০৬১

সেবা নার্সেস চেম্বার
১৭বি, মনোহর পুকুর রোড,
কল-২৬, ২৪৭৪৬৮৬১,
৯৩৩৯৯২৪৬৯৪

সিস্টার নার্সেস চেম্বার
১৯/৩৯ই, বোসপুকুর রোড, কসবা,
কল-৪২,
৯৯০৩০১৭৪৩৭

আনন্দময়ী
১৯, প্রতাপাদিত্য প্লেস,
কল-২৬, ২৪৬৪-৫৮০৪

ট্রেনি নার্সেস অ্যাসোসিয়েশন
১০ডি, রামকান্ত বোস স্ট্রিট,
কল-৩, ৯০৫১৫৩০১২৪,
৯৮৭৪৮৯৩৫১৫

কেয়ার সেন্টার
বিএ-৪৩, গ্রাউন্ড ফ্লোর,
সেক্টর ১, সল্টলেক, কল-৬৪
২৩৩৪-৭০৬৮
৯০৫১৭৬৭৮১৬

জ্যোতি সেবা কেন্দ্র
৪৩, শরৎ বোস রোড,
কল-২০, ০৩৩ ২৪৫৪৫৮৪৪,
৯৮৩০৫৫৮৮৯১

আইডিয়াল নার্সেস চেম্বার
৪৮৭, রবীন্দ্রসরণি, কল-৫,
৯৩৩১২৮৫৬৬৬,
৯৮৩০২৮৮৬৯৯

লাইফ লাইন
৩০৩, ডি. এইচ. রোড,

মাদার
১৬, বেলগাছিয়া রোড,
কলকাতা-৪, ২৫৫৫-৫৬৭৭/
২৮৭৩০৫৮০

সাউথ কল নার্সেস ব্যুরো
৪২/১১, বিহারী মণ্ডল রোড,
কল-৭৮, ২৪৮৪-৪৩২২,
৯৪৩২৬৭৪৩২২

হেলথ কেয়ার
২৭, শিবতলা স্কুল রোড,
গড়ফা, কল-৭৮,
৯৮৩১০২২৩০৮

সেবায়ন
৩৯সি, নস্করপাড়া, সন্তোষপুর,
কল-৭৫, ৯৯৩০০১৯৬৬৩

ভিবো হেল্‌থ কেয়ার
যোদপুর পার্ক, কল-৬৮,
৮০১০৮৯৬০০০

স্কুল অফ নার্সিং অ্যান্ড মেডিক্যাল
৮৪৪৪৯২৬৬৭৭

যিশাস নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট
কাঁথি, পূর্ব মেদিনীপুর
৯৪৩৪১৪৭০৬৫

বেঙ্গল সাজেশন সেন্টার

# জরুরী পরিষেবা

## অ্যাম্বুল্যান্স



সোনারপুর থানা ক্লাব সমন্বয়
সোনারপুর রেল কোয়ার্টার পার্ক,
কল-১৫০, ০৩৩ ২৪৩৪-৩৭৬৯

সঞ্জীবন অ্যাম্বুলেন্স
ফুলেশ্বর, উলুবেড়িয়া, হাওড়া,
৭১৬৬-৬০০০
www.sanjibanhospital.org

ডাঃ বিধানচন্দ্র রায় মেমোরিয়াল কমিটি
বি ব্লক পার্ক, বাঙুর অ্যাভিনিউ,
কল-৫৫, ২৫৭৪-৯৭৩৮

নিমতলা সর্বজনীন
৫৮, নিমতলা ঘাট স্ট্রিট কল-৬
৯৮৩১৫২০৯৯৯

জয়গুরু অ্যাম্বুল্যান্স সার্ভিস পানিহাটি
৪২ আনন্দলোক, সেন্ট্রাল রোড,
সোদপুর, কল- ১১০
৯৮৩১৩৫৯৩৫১

কাকদ্বীপ মহকুমা হাসপাতাল
রোগী সহায়তা কেন্দ্র
৮৩৪৮৬৭০৮৫৫

আই সি সি ইউ ইন হুইল (বি এম বিড়লা)
ন্যাশনাল লাইব্রেরি, কল-২৭,
৩০৪০ ৩০৪০

ফর্টিস হাসপাতাল
১১১, আর বি এভিনিউ,
কল-২৯, ২৪৬৩-৩৩২০

ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি
৫/৬ গভর্নমেন্ট প্লেস, কল-১
২২৪৮-৩৬৩৬

সি এম সি
১৩৪, সি আর এভিনিউ,
কলকাতা-৭৩, ২২১৯-৭২০২

সাউথ অ্যান্ড পলিক্লিনিক
২০৩, শরৎ বোস রোড,
কল-২৯, ৯৪৩৩৪৯২৬৮৬

রানি রাসমণি অ্যাম্বুলেন্স
৮২, গঙ্গাপুরী, পূর্ব পুটিয়ারী কল-৯৩
৯৪৩৩০৫৪২০৭

শিব মন্দির
২৫, লেক টেম্পল রোড,
কলকাতা-২৯, ৯২৩১৬৭৩৭৮৭
www.shibmandir.com

মাতৃসংঘ জনকল্যাণ আশ্রম
৪১ বি, চক্রবেড়িয়া রোড নর্থ,
কল-২০, ২৪৭৫-৪৫২৭
www.matrisangha.org

জনমঙ্গল সমিতি
২৯১/১ কালিঘাট রোড,
কল-২৬, ৯৮৩০২৯১৮০৫

গড়পাড় সৃজন
মানিকতলা, গড়পাড় রোড,
কল-৯, ৯৪৩৩৭৭৩৪১৭
আলিপুর চেতলা বস্তি উন্নয়ন ১৫,
পীতাম্বর ঘটক লেন,
কল-২৭, ২৪৪৯-০২৮৬
৯০৫১৬৩৩৮০৬

তালতলা পিউপিল
৭৯/১৬ বি, এজেসি বোস রোড,
কল-১৪, ২২৬৫-৩২৩৯

কাশী বিশ্বনাথ সেবা সমিতি
৪২, বটতলা স্ট্রিট, কল-৭
২২৬৯-৩৭৫৯

মীরা সেবা কেন্দ্র
২/৮৭, নাকতলা, কল-৪৭,
০৩৩ ২৪১১-৮৩১৬

সমন্বয়

০৩৩ ২৪৪২-০৯৭২

মেডিক্যাল ব্যাঙ্ক
৭, রসিকলাল ঘোষ লেন,
কল-৫, ৯৮৩১০৬২১৫৭

কল্যাণী সেবা কেন্দ্র
পি-৪৯৩, কেয়াতলা রোড,
কল-২৯, ৯৯০৩৭৭১৮৬১

সেন্ট জন অ্যাম্বুলেন্স
৪১/১ এ, টাউন শেন্ড রোড,
ভবানীপুর, কলকাতা-২৫
৯৮৩০০২৩৬৫৩
www.stjohnambulance.in

সেরাম অ্যাম্বুল্যান্স
১৩/১ ভুপেন বোস এভিনিউ,
শ্যামবাজার, কল-৪,
৯৮৩০৭০৩৬৪০

সেবা মেডিক্যাল
১০৩ এপিসি রোড, কল-৯
৯৮৩০০২৩৬৫৩

দিগন্ত
২১এ, পদ্মপুকুর রোড, কল-২০,
২৪৭৪-৫৪৫৫

ক্যানিং মহকুমা হাসপাতাল
রোগী সহায়তা কেন্দ্র
ফোন-৯৭৭৫৯০৪১৬৮

## রাতের অক্সিজেন



নন্দন মেডিক্যাল
ডিডি-৩৫, সল্টলেক,
সেক্টর-১, কলকাতা-৬৪,
২৩৫৮-১৭২৩/৯৬১৭

সঞ্জীবন অক্সিজেন
ফুলেশ্বর, উলুবেড়িয়া, হাওড়া,
৯১৬৩৩২৪৫৪৫

লাইফ কেয়ার
১/২এ হাজরা, রোড,
কল-২৬, ২৪৭৫-৪৬২৮

লেকভিউ ফার্মেসি
১৬৯, উপেন ব্যানার্জি রোড,
কল-৬০, ২৪৯২-৫১০৯

কাকদ্বীপ মৌলি মেডিকেল
অক্সিজেন সাপ্লাই